

**বাংলাদেশে পল্লী উন্নয়ন বোর্ড**  
**ইরসেপো কর্মসূচি**  
**পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫**

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৩৯.১১৩. ৮৩৫

তারিখ: ২৪ এপ্রিল ২০২৪

**বিষয় : ব্যাখ্যা তলব।**


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইরসেপো প্রকল্প দপ্তরের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ৩৯.১১৩. ৩৫৭১ তারিখ: ১৩/৩/২০১৬ মূলে সদস্য অন্তর্ভুক্তি হতে ঋণ বিতরণ আদায় পর্যন্ত সকল ক্ষেত্রে প্রকল্পের কোন নিয়ম না মেনে স্বেচ্ছাচারিতার আশ্রয় কর্তৃব্য কাজে অদক্ষতা, গাফিলতি, অনীহা, এবং সরকারী দায়িত্ব পালনে ব্যর্থতা হিসেবে গণ্য করে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয় (সংযুক্তি-১)। গত ১২/০৭/২০১৬ তারিখের প্রকল্পের সফটওয়্যারে আপনার কার্যক্রম অগ্রগতি যাচাই করে দেখা যায় ১৩,০৯,৭৭২/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপীর তথ্য প্রেরণ করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর যশোরকে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ৩৯.১১৩. ৩৫২৫ তারিখঃ ১২/৭/২০১৬ মূলে আপনাকে পত্র দেয়া হয় (সংযুক্তি-২)। তৎপ্রেক্ষিতে, স্মারক নং ৪৭.৬২.৪১.১০৬.১৬.০১৯.১৫/১৭০ তারিখঃ ১৯/৭/২০১৬ মূলে তথ্য প্রেরণ করেন (সংযুক্তি-৩)। বর্ণিত তথ্য মতেও আপনার কার্যক্রমের দায়িত্বহীনতা পরিলক্ষিত হয়। স্মারক নং ৪৭.৬২.৪১.১০৬.১৬.০১৯.১৫.২০৭ তারিখ: ০৯/১১/২০১৬ মূলে ৩০০ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে আপনি অজ্ঞিকার করেন যে, সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে চাকুরীতে পুনঃ বহালের সুযোগ দেয়া হলে অনিয়মতান্ত্রিকভাবে বিতরণকৃত ঋণের মেয়াদোত্তীর্ণ আগামী ০৩ মাসের মধ্যে আদায় করিবো এবং প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন, সদস্য অন্তর্ভুক্ত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম করতে ব্যাধ্য থাকিব। ব্যর্থ হলে অথবা আমার দ্বারা প্রকল্পের কোন ক্ষতি সংঘটিত হলে কর্তৃপক্ষ আমাকে চাকুরী হতে অব্যাহতিসহ আমার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করিলে আমি তা মানতে ব্যাধ্য থাকিব (সংযুক্তি-৪)। আপনার অজ্ঞিকার নামা দাখিলের পরিপ্রেক্ষিতে প্রকল্প দপ্তরের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৯৫৫.১৬.৪০৪১ তারিখ: ২০/১১/২০১৬ মূলে আপনার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হয় (সংযুক্তি-৫); কিন্তু দাখিলকৃত অজ্ঞিকারনামা অনুযায়ী মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ/আত্মসাতকৃত অর্থ কাঙ্ক্ষিত পর্যায় আদায় হয়নি মর্মে পরিলক্ষিত হওয়ায় স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪. ৭০৬ তারিখ: ১২/১০/২০১৭ মূলে আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর, যশোর-কে পত্র প্রেরণ করা হয় (সংযুক্তি-৬)। মনিরামপুর, যশোর উপজেলা দপ্তরের স্মারক নং-৪৭.৬২.৪১৬১.১০৬.০৫.০০৩.১৫/১৬, তারিখ: ১৬/০২/২০২১ মূলে রামনগর মহিলা সমিতির ২,১৯,২৬৫ টাকা আত্মসাৎ করেছেন মর্মে প্রমাণিত হওয়ায় আপনাকে ব্যাখ্যা তলব করা হয় (সংযুক্তি-৭)। হস্তমজুদ/আত্মসাতের কারণে প্রকল্প দপ্তরের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮.৬৮৯ তারিখ: ১১/০৪/২০২১ মূলে আপনাকে সকল আর্থিক লেনদেন হতে বিরত রাখার পত্র দেয়া হয় (সংযুক্তি-৮)। এ ছাড়াও স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৯৫.১৬.৮১৩ তারিখ: ৩০/০৬/২০২১ মূলে জারিকৃত অফিস আদেশে আপনাকে অব্যাহতি প্রদান করা হয় (সংযুক্তি-৯)।

০৩। এছাড়া, সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় উক্ত উপজেলায় সুফলভোগী সদস্য এককালীন ঋণ পরিশোধ করা সত্ত্বেও ঋণ নীতিমালা এবং এ সংক্রান্ত নির্দেশনা বহির্ভূতভাবে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করা হয়। এতে প্রতীয়মান হয় আপনি নতুন সদস্য অন্তর্ভুক্তি/সমিতি গঠনের বিষয়ে গুরুত্ব আরোপ না করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল রাখার জন্য এককালীন ঋণ পরিশোধকারী সদস্যদের অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন। ফলশ্রুতিতে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী বৃদ্ধি পেয়ে তা মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিনত হচ্ছে। তাই কিস্তিতে ঋণ আদায় জোরদারকরণসহ নতুন সদস্য অন্তর্ভুক্তি/সমিতি গঠনপূর্বক ঋণ বিতরণ বৃদ্ধির উদ্যোগ নিতে হবে যেন কোন ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে গচ্ছিত না থাকে। কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়সহ এককালীন পরিশোধকারী সদস্যদের বাদ দিয়ে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণ না করায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে।

০৪। এমতাবস্থায়, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনাকে চুক্তি ভিত্তিক নিয়োগ হতে চূড়ান্ত ভাবে অপসারণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।

০৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মসূচির স্বার্থে জারি করা হলো।

সংযুক্তি ০৪ ০৯ পাতা।

  
২৪.০৪.২৪  
এ, এস, এম, সোলায়মান  
উপ প্রকল্প পরিচালক  
ইরসেপো, বিআরডিবি।

জনাব হাজিরা খাতুন  
মাঠ সংগঠক, ইরসেপো  
বিআরডিবি, মনিরামপুর, যশোর।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. প্রকল্প পরিচালক, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: যশোর।
৩. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা (নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধসহ)।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, মনিরামপুর, যশোর।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, মনিরামপুর, যশোর।
৮. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস/ব্যক্তিগত কপি।